

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন ডিরেক্টরি ইনফরমেশন প্রকাশ সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রিয় পিতামাতা/অভিভাবক, বর্তমান বা সাবেক শিক্ষার্থী:

NYC ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) NYC ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (হেলথ ডিপার্টমেন্ট)-কে একটি গবেষণা অনুসন্ধান সহায়তাদান শুরু করেছে। এই গবেষণা অনুসন্ধানের বিষয় স্বাস্থ্য এবং শিক্ষার্থীদের উপর 9/11 ওয়ার্ল্ড ট্রেড সেন্টার বিপর্যয়ের প্রভাব। এ অনুসন্ধান 9/11 ও পরবর্তী সময়ের শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত হবে। DOE পিতামাতা, অভিভাবক, সাবেক শিক্ষার্থী ও বর্তমান শিক্ষার্থী সম্পর্কিত তথ্য হেলথ ডিপার্টমেন্টকে প্রদান করবে।

‘ফ্যামেলি এডুকেশন্যাল রাইটস্ অ্যান্ড প্রিভেন্টিভ অ্যাক্ট’ (পরিবারের শিক্ষাগত অধিকার ও গোপনীয়তা বিষয়ক বিধি) একটি ফেডারেল আইন যা শিক্ষার্থীদের গোপনীয়তা ও বিশ্বস্ততা সংরক্ষণ করে। আইনটি DOE-কে শিক্ষার্থীদের ডিরেক্টরি (নির্দেশিকা) তথ্য প্রকাশের অনুমোদন দেয়, যার অন্তর্ভুক্ত আছে নিম্নলিখিত তথ্য। **আপনি ডিরেক্টরি তথ্য প্রকাশ করতে চান না, একথা DOE-কে বলার অধিকার আপনার আছে।**

DOE কার তথ্য প্রকাশ করবে? DOE নির্দিষ্ট কিছু এলাকার সেসব শিক্ষার্থীদের তথ্য প্রকাশ করবে, যারা সেপ্টেম্বর 11, 2001 বা পরবর্তীকালে স্কুলে ভর্তি ছিলো বা যারা 2006-2007 সালে প্রথম ভর্তি হয়েছিল। এসব এলাকা হলো:

- লোয়ার ম্যানহাটন
- ব্রুকলিনের দক্ষিণ অংশ
- ফ্লাশিং, কুইন্স
- আপার ওয়েস্ট সাইড ম্যানহাটন
- সানসেট পার্ক, ব্রুকলিন

কোন ডিরেক্টরি তথ্য প্রকাশ করা হবে? DOE যা প্রকাশ করবে:

- শিক্ষার্থীর, পিতামাতা ও অভিভাবকের নাম
- শিক্ষার্থীর জন্ম NYC বা NY স্টেটে হয়েছিল কি না
- পিতামাতা/অভিভাবকের সাথে শিক্ষার্থীর সম্পর্ক
- কথ্য ও লিখিত ভাষা (ভাষাসমূহ)
- ফোন নম্বর, ইমেইল ও বাড়ির পুরনো ঠিকানা
- কোন স্কুলে/শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি থাকা
- শিক্ষার্থীর লিঙ্গ ও জন্মতারিখ
- ভর্তি থাকার সময়

ডিরেক্টরি তথ্য কে পাবেন এবং তা কীভাবে ব্যবহার করা হবে? হেলথ ডিপার্টমেন্ট তথ্য পাবে। গবেষণা অনুসন্ধান পরিচালনায় হেলথ ডিপার্টমেন্টকে সহায়তা দিতে ঠিকাদারদের নিযুক্তি দেওয়া হবে, এবং ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস (NSC) তথ্য পেতে পারে। অন্য কেউ তথ্য দেখতে পাবে না। ঠিকাদারগণ তাদের কাছে লভ্য বিভিন্ন রেকর্ড যেঁটে যোগাযোগের তথ্য হালনাগাদ করবেন। শিক্ষার্থীদের হাই স্কুল পরবর্তী হালনাগাদকৃত স্কুলের তথ্য পেতে NSC সহায়তা দিতে পারে। শিক্ষার্থীরা গবেষণা অনুসন্ধানের হতে চায় কিনা, সেটা জানার জন্য হেলথ ডিপার্টমেন্ট শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করার জন্য এসব তথ্য ব্যবহার করবে।

আপনার তথ্য কীভাবে সংরক্ষিত হবে? যারা তথ্য পাবে, তারা যাতে তথ্য সংরক্ষিত ও গোপন রাখতে বাধ্য থাকে, সেজন্য DOE ও হেলথ ডিপার্টমেন্ট লিখিত চুক্তিতে আবদ্ধ হবে। গবেষণা অনুসন্ধানের উদ্দেশ্য ছাড়া কোন বিজ্ঞাপন, বিপণন, বাণিজ্যিক মুনাফার জন্য তথ্য বিক্রি, ব্যবহার কিংবা প্রকাশ করার অনুমতি কাউকে দেওয়া হবে না।

আপনাকে এখন কী করতে হবে?

1. **কিছু করতে হবেনা:** আপনার বা আপনার ছেলেমেয়ের ডিরেক্টরি তথ্য হেলথ ডিপার্টমেন্টকে জানান হবে।
2. আপনি যদি আপনি **না চান** আপনার ডিরেক্টরি তথ্য বা আপনার সন্তানের ডিরেক্টরি তথ্য হেলথ ডিপার্টমেন্টকে জানান হোক, তাহলে **এই ফরম পূরণ করুন** এবং 15 ফেব্রুয়ারি, 2019 তারিখের মধ্যে নিচের ঠিকানায় জমা দিন:

Attn: 9/11 Opt Outs Room 310
New York City Department of Education
52 Chambers St
New York, NY 10007

আমি চাই না হেলথ ডিপার্টমেন্ট -এর কাছে ডিরেক্টরি তথ্য প্রকাশ করা হোক।

শিক্ষার্থীর প্রথম নাম:

শিক্ষার্থীর শেষ নাম:

স্কুল (বর্তমান বা সর্বশেষ যে স্কুলে গিয়েছিল):

শিক্ষার্থীর জন্মতারিখ ও স্টুডেন্ট ID নম্বর (জানা থাকলে)

পিতামাতা/অভিভাবকের নাম স্পষ্টাক্ষরে:

সই-18 বছরের অধিক বয়স্ক শিক্ষার্থীদেরকে নিজেদের পক্ষে সই করতে হবে।

তারিখ:

—আপনার বা আপনার সন্তানের ডিরেক্টরি তথ্য প্রকাশ করতে না চাইলে 15 ফেব্রুয়ারি, 2019 তারিখের মধ্যে জমা দিতে হবে—